**Signature and Name of Invigilator**

1. (Signature) ______________________

   (Name) ______________________

2. (Signature) ______________________

   (Name) ______________________

**OMR Sheet No. :** ..................................................
(To be filled by the Candidate)

**Roll No.** | | | | | | | | |
(In figures as per admission card)

**Roll No.** ______________________
(In words)

**J 0 1 9 1 8**

# PAPER - II
# BENGALI

**Time : 2 hours]** **[Maximum Marks : 200**

Number of Pages in this Booklet : **32** Number of Questions in this Booklet : **100**

## Instructions for the Candidates

1. Write your roll number in the space provided on the top of this page.
2. This paper consists of hundred multiple-choice type of questions.
3. At the commencement of examination, the question booklet will be given to you. In the first 5 minutes, you are requested to open the booklet and compulsorily examine it as below :
   (i) To have access to the Question Booklet, tear off the paper seal on the edge of this cover page. Do not accept a booklet without sticker-seal and do not accept an open booklet.
   (ii) **Tally the number of pages and number of questions in the booklet with the information printed on the cover page. Faulty booklets due to pages/questions missing or duplicate or not in serial order or any other discrepancy should be got replaced immediately by a correct booklet from the invigilator within the period of 5 minutes. Afterwards, neither the Question Booklet will be replaced nor any extra time will be given.**
   (iii) After this verification is over, the Test Booklet Number should be entered on the OMR Sheet and the OMR Sheet Number should be entered on this Test Booklet.
4. Each item has four alternative responses marked (1), (2), (3) and (4). You have to darken the circle as indicated below on the correct response against each item.
   **Example :** ① ② ● ④ where (3) is the correct response.
5. Your responses to the items are to be indicated in the **OMR Sheet given inside the Booklet only.** If you mark your response at any place other than in the circle in the OMR Sheet, it will not be evaluated.
6. Read instructions given inside carefully.
7. Rough Work is to be done in the end of this booklet.
8. If you write your Name, Roll Number, Phone Number or put any mark on any part of the OMR Sheet, except for the space allotted for the relevant entries, which may disclose your identity, or use abusive language or employ any other unfair means, such as change of response by scratching or using white fluid, you will render yourself liable to disqualification.
9. You have to return the original OMR Sheet to the invigilators at the end of the examination compulsorily and must not carry it with you outside the Examination Hall. You are however, allowed to carry original question booklet on conclusion of examination.
10. **Use only Blue/Black Ball point pen.**
11. **Use of any calculator or log table etc., is prohibited.**
12. **There are no negative marks for incorrect answers.**

## परीक्षार्थियों के लिए निर्देश

1. इस पृष्ठ के ऊपर नियत स्थान पर अपना रोल नम्बर लिखिए।
2. इस प्रश्न-पत्र में सौ बहुविकल्पीय प्रश्न हैं।
3. परीक्षा प्रारम्भ होने पर, प्रश्न-पुस्तिका आपको दे दी जायेगी। पहले पाँच मिनट आपको प्रश्न-पुस्तिका खोलने तथा उसकी निम्नलिखित जाँच के लिए दिये जायेंगे, जिसकी जाँच आपको अवश्य करनी है :
   (i) प्रश्न-पुस्तिका खोलने के लिए पुस्तिका पर लगी कागज की सील को फाड़ लें। खुली हुई या बिना स्टीकर-सील की पुस्तिका स्वीकार न करें।
   (ii) **कवर पृष्ठ पर छपे निर्देशानुसार प्रश्न-पुस्तिका के पृष्ठ तथा प्रश्नों की संख्या को अच्छी तरह चैक कर लें कि ये पूरे हैं। दोषपूर्ण पुस्तिका जिनमें पृष्ठ/प्रश्न कम हों या दुबारा आ गये हों या सीरियल में न हों अर्थात् किसी भी प्रकार की त्रुटिपूर्ण पुस्तिका स्वीकार न करें तथा उसी समय उसे लौटाकर उसके स्थान पर दूसरी सही प्रश्न-पुस्तिका ले लें। इसके लिए आपको पाँच मिनट दिये जायेंगे। उसके बाद न तो आपकी प्रश्न-पुस्तिका वापस ली जायेगी और न ही आपको अतिरिक्त समय दिया जायेगा।**
   (iii) इस जाँच के बाद प्रश्न-पुस्तिका का नंबर OMR पत्रक पर अंकित करें और OMR पत्रक का नंबर इस प्रश्न-पुस्तिका पर अंकित कर दें।
4. प्रत्येक प्रश्न के लिए चार उत्तर विकल्प (1), (2), (3) तथा (4) दिये गये हैं। आपको सही उत्तर के वृत्त को पेन से भरकर काला करना है जैसा कि नीचे दिखाया गया है।
   **उदाहरण :** ① ② ● ④ जबकि (3) सही उत्तर है।
5. प्रश्नों के उत्तर **केवल प्रश्न पुस्तिका के अन्दर दिये गये OMR पत्रक पर ही** अंकित करने हैं। यदि आप OMR पत्रक पर दिये गये वृत्त के अलावा किसी अन्य स्थान पर उत्तर चिह्नांकित करते हैं, तो उसका मूल्यांकन नहीं होगा।
6. अन्दर दिये गये निर्देशों को ध्यानपूर्वक पढ़ें।
7. कच्चा काम (Rough Work) इस पुस्तिका के अन्तिम पृष्ठ पर करें।
8. यदि आप OMR पत्रक पर नियत स्थान के अलावा अपना नाम, रोल नम्बर, फोन नम्बर या कोई भी ऐसा चिह्न जिससे आपकी पहचान हो सके, अंकित करते हैं अथवा अभद्र भाषा का प्रयोग करते हैं, या कोई अन्य अनुचित साधन का प्रयोग करते हैं, जैसे कि अंकित किये गये उत्तर को मिटाना या सफेद स्याही से बदलना तो परीक्षा के लिये अयोग्य घोषित किये जा सकते हैं।
9. आपको परीक्षा समाप्त होने पर मूल OMR पत्रक निरीक्षक महोदय को लौटाना आवश्यक है और परीक्षा समाप्ति के बाद उसे अपने साथ परीक्षा भवन से बाहर न लेकर जायें। हालांकि आप परीक्षा समाप्ति पर मूल प्रश्न-पुस्तिका अपने साथ ले जा सकते हैं।
10. **केवल नीले/काले बाल प्वाईंट पेन का ही प्रयोग करें।**
11. **किसी भी प्रकार का संगणक (कैलकुलेटर) या लाग टेबल आदि का प्रयोग वर्जित है।**
12. **गलत उत्तरों के लिए कोई नकारात्मक अंक नहीं हैं।**

## BENGALI
## বাংলা
## PAPER - II
## প্রশ্নপত্র - II

**Note :** This paper contains **hundred (100)** objective type questions of **two (2)** marks each. All questions are **compulsory**.

**নির্দেশ :** এই প্রশ্নপত্রে **একশ (100) টি** বিকল্প-সমন্বিত প্রশ্ন আছে। প্রতি প্রশ্নের মান **দুই (2)**। **সব** প্রশ্নের উত্তর দেওয়া বাধ্যতামূলক।

1. এক খণ্ড কালোমেঘ সূর্যকে আড়াল করেছে – রূপালি জরির পাড় দেওয়া নীলাম্বরীর আঁচল ..... নদীতে রঙের স্রোত। সব মিলে মনে হচ্ছে যেন .... একখানা ছবি। 'নদীপথে' গ্রন্থে লেখক এখানে যাঁর ছবির কথা বলেছেন :
   (1) টার্নার (2) নন্দলাল বসু (3) কার্পেন্টার (4) অবনীন্দ্রনাথ

2. 'বাঙালী জীবনে রমণী' গ্রন্থের চতুর্থ পরিচ্ছেদে রথযাত্রার যে বিবরণ আছে সেটি যাঁর লেখা থেকে উদ্ধৃত হয়েছে, তিনি হলেন :
   (1) শিবনাথ শাস্ত্রী (2) রবীন্দ্রনাথ ঠাকুর (3) দীনেন্দ্রকুমার রায় (4) দীনেশচন্দ্র সেন

3. ন্যুট হামসুনের 'Pan' উপন্যাসটি বাংলায় অনুবাদ করেছিলেন :
   (1) শৈলজানন্দ মুখোপাধ্যায় (2) অচিন্ত্যকুমার সেনগুপ্ত
   (3) সজনীকান্ত দাস (4) ধূর্জটিপ্রসাদ মুখোপাধ্যায়

4. নীচে দুটি কাব্যাংশ উদ্ধৃত হল। ভারতীয় কাব্যতত্ত্বের দৃষ্টিকোণ থেকে এগুলির প্রকৃতি বিচার করে **সংকেত** অনুসারে **সঠিক** উত্তরটি চিহ্নিত করুন :
   (a) কানাকড়ি পিঠ তুলি কহে টাকাটিকে,
   তুমি ষোলআনা মাত্র নহে পাঁচসিকে।
   (b) প্রাচীরের ছিদ্রে এক নামগোত্রহীন,
   ফুটিয়াছে ছোটফুল অতিশয় দীন।

   **সংকেত :**
   (1) (a) চিত্রকাব্য (b) রসকাব্য (2) (a) ও (b) দুইই রসকাব্য
   (3) (a) রসকাব্য (b) চিত্রকাব্য (4) (a) ও (b) দুইই চিত্রকাব্য

5. 'কারাগার' নাটকে ধরিত্রীর গানগুলি রচনা করেছিলেন :
   (1) হেমেন্দ্রকুমার রায় (2) হেমেন্দ্রলাল রায় (3) নজরুল ইস্‌লাম (4) মন্মথ রায়

6. নীচে প্রদত্ত **মন্তব্য** ও তার সমর্থনে **যুক্তির** মধ্যে **শুদ্ধ-অশুদ্ধ** বিচার করে **সংকেত** থেকে **ঠিক** উত্তরটি নির্বাচন করুন :

**মন্তব্য :** বাংলায় স্পন্দানুপ্রাস ছন্দের ভূষণ মাত্র, প্রাণ বা অঙ্গ নয়।

**যুক্তি :** স্পন্দ-প্রকৃতি সর্বত্র পরিবর্তন হয়, কেননা ভাষা এবং রীতির ক্ষেত্রে তা সদা পরিবর্তনশীল।

**সংকেত :**

(1) **মন্তব্য** ও **যুক্তি** দুইই শুদ্ধ

(2) **মন্তব্য** ও **যুক্তি** দুইই অশুদ্ধ

(3) **মন্তব্য** শুদ্ধ কিন্তু **যুক্তি** অশুদ্ধ

(4) **মন্তব্য** অশুদ্ধ কিন্তু **যুক্তি** শুদ্ধ

7. 'দেবীগর্জন' নাটক সম্পর্কে কয়েকটি **শুদ্ধ-অশুদ্ধ** মন্তব্য দেওয়া হয়েছে। প্রদত্ত **সংকেত** থেকে **সঠিক** উত্তরটি চিহ্নিত করুন :

(a) 'দেবীগর্জন' নাটকটি প্রথম প্রকাশিত হয়েছিল নাট্যভারতী পত্রিকায়।

(b) 'দেবীগর্জন' নাটকের প্রথম অভিনয় হয়েছিল ওয়েলিংটন স্কোয়ারে।

(c) নাটকটির শেষ দৃশ্যের কোরিওগ্রাফিতে কালী নাচের পটভূমিকায় সামনের স্থির চিত্রের পরিকল্পনা নবারুণ ভট্টাচার্যের।

(d) নাটকে 'গুণের ননদ ময়না' গানটি গাওয়া হয়েছে সর্দারের অঙ্গনে।

**সংকেত :**

| | **(a)** | **(b)** | **(c)** | **(d)** |
|---|---|---|---|---|
| (1) | শুদ্ধ | শুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ |
| (2) | অশুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ | শুদ্ধ |
| (3) | শুদ্ধ | অশুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
| (4) | অশুদ্ধ | শুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ |

8. 'মেঘনাদবধ' কাব্য অবলম্বনে **প্রথম তালিকার** উক্তি ও **দ্বিতীয় তালিকার** চরিত্র নামের মধ্যে সামঞ্জস্য বিধান করে **সংকেত** থেকে **শুদ্ধ** উত্তরটি নির্বাচন করুন :

| | **প্রথম তালিকা** | | **দ্বিতীয় তালিকা** |
|---|---|---|---|
| (a) | কে কবে শুনেছে, লোক মরি পুনঃ বাঁচে | (i) | মায়াদেবী |
| (b) | লঙ্কার পঙ্কজ-রবি যাবে অস্তাচলে | (ii) | রাবণ |
| (c) | কে তোরা এ নিশাকালে আইলি মরিতে? | (iii) | নৃমুণ্ডমালিনী |
| (d) | কাহারে হানিস্ অস্ত্র, ভীরু, এ আঁধারে? | (iv) | হনুমান |

**সংকেত :**

| | **(a)** | **(b)** | **(c)** | **(d)** |
|---|---|---|---|---|
| (1) | (ii) | (i) | (iv) | (iii) |
| (2) | (i) | (iii) | (ii) | (iv) |
| (3) | (ii) | (iv) | (iii) | (i) |
| (4) | (iv) | (ii) | (i) | (iii) |

9. লোকসাহিত্য-চর্চার ইতিহাস অবলম্বনে প্রদত্ত মন্তব্যগুলির **শুদ্ধ-অশুদ্ধ** বিচার করে **সংকেত** থেকে **ঠিক** উত্তরটি চিহ্নিত করুন :

(a) লোকসংস্কৃতি-বিজ্ঞান চর্চার এপিক'ল (Epic Law) থিওরি ডেনিস ভাষায় প্রথম প্রকাশিত হয়।

(b) অ্যালান ডান্ডিস প্রপের ক্রিয়াশীলতার 19 সংখ্যক সূত্রটিকে বলেন Liquidation of Lack.

(c) ভ্লাদিমির প্রপের লোককথা বিশ্লেষণের রূপতাত্ত্বিক পদ্ধতির আদলটি নেওয়া হয়েছে প্রাণী বিদ্যায় ব্যবহৃত Morphology -র যৌক্তিক আদল থেকে।

(d) জার্মান লোকসংস্কৃতিবিদ থিওডোর বেনফে জার্মান Fairy Tales -এর উৎস হিসেবে ভারতকে চিহ্নিত করেন।

**সংকেত :**

| | **(a)** | **(b)** | **(c)** | **(d)** |
|---|---|---|---|---|
| (1) | শুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
| (2) | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ |
| (3) | শুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | অশুদ্ধ |
| (4) | অশুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ |

10. ''টেম্পেস্টে শক্তি, শকুন্তলায় শান্তি; টেম্পেস্টে বলের দ্বারা জয়, শকুন্তলায় মঙ্গলের দ্বারা সিদ্ধি'' – এ মন্তব্য যিনি করেছেন তিনি হলেন :

(1) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়
(2) হরপ্রসাদ শাস্ত্রী
(3) বলেন্দ্রনাথ ঠাকুর
(4) রবীন্দ্রনাথ ঠাকুর

11. 'বউ-ঠাকুরানীর হাট' ও তার রূপান্তর 'প্রায়শ্চিত্ত' নাটক অবলম্বনে কয়েকটি **শুদ্ধ-অশুদ্ধ** মন্তব্য দেওয়া হল। **সংকেত** থেকে **ঠিক** উত্তরটি চিহ্নিত করুন :

(a) 'বউ-ঠাকুরানীর হাট' উপন্যাসের মোট পরিচ্ছেদ সংখ্যা ত্রিশটি।

(b) 'প্রায়শ্চিত্ত' পাঁচ অঙ্কের নাটক হলেও সমাপ্তিতে একটি 'উপসংহার' আছে।

(c) 'বউ-ঠাকুরানীর হাট' উপন্যাসের 10টি গানের মধ্যে 4টি গান 'প্রায়শ্চিত্ত' নাটকে অন্তর্ভুক্ত হয়েছে।

(d) রামচন্দ্র রায়ের পোর্টুগীজ সেনাপতি ফর্ণাণ্ডিজ নাটকে থাকলেও উপন্যাসে নেই।

**সংকেত :**

| | **(a)** | **(b)** | **(c)** | **(d)** |
|---|---|---|---|---|
| (1) | অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
| (2) | শুদ্ধ | অশুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
| (3) | অশুদ্ধ | শুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ |
| (4) | অশুদ্ধ | অশুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |

12. ‘সেটি লিখেছিলাম আমার ঢাকার জীবনের শেষ দফায়’

– ‘কঙ্কাবতী’ -র যে কবিতা সম্পর্কে বুদ্ধদেব বসুর এই উক্তি, সেটি হল :

(1) শেষের রাত্রি (2) মেয়েরা (3) সুদূরিকা (4) কঙ্কাবতী

13. এঁদের মধ্যে যাঁদের বন্দনা ভারতচন্দ্র এবং কেতকাদাস করেননি, মুকুন্দ করেছেন :

(1) সরস্বতী এবং চৈতন্য (2) অন্নপূর্ণা এবং মনসা

(3) শ্রীরাম এবং চৈতন্য (4) শ্রীরাম এবং শুকদেব

14. ‘বিদেশ থেকে ইবসেন, শেক্সপীয়র এনে অভিনয় করা অনুচিত। তাতে নাকি স্বদেশী নাট্যকারদের পথ কণ্টকিত হয়।’ – উক্তিটি করেছেন :

(1) সত্যেশ গুপ্ত (ওরফে শম্ভু মিত্র) (2) উৎপল দত্ত

(3) ঋত্বিক ঘটক (4) মন্মথ রায়

15. নীচে প্রদত্ত **প্রথম তালিকায়** ছন্দ পংক্তি ও **দ্বিতীয় তালিকায়** তাদের রীতি অনুযায়ী মাত্রা সংখ্যা উল্লেখ করা হল। উভয় তালিকার সামঞ্জস্য বিধান করে **সংকেত** থেকে **শুদ্ধ** উত্তরটি নির্বাচন করুন :

| | **প্রথম তালিকা** | | **দ্বিতীয় তালিকা** |
|---|---|---|---|
| (a) | রাত্রি প্রভাতিল উদিল রবিচ্ছবি পূর্ব উদয়গিরি ভালে। | (i) | 16 মাত্রার ছন্দ |
| (b) | হে মোর দুর্ভাগা দেশ যাদের করেছ অপমান। | (ii) | 17 মাত্রার ছন্দ |
| (c) | ভজন পূজন সাধন আরাধনা সমস্ত থাক পড়ে। | (iii) | 28 মাত্রার ছন্দ |
| (d) | আমার তালে তোমার নাচে মিলিল রিনি ঝিনি। | (iv) | 18 মাত্রার ছন্দ |

**সংকেত :**

| | **(a)** | **(b)** | **(c)** | **(d)** |
|---|---|---|---|---|
| (1) | (iii) | (iv) | (ii) | (i) |
| (2) | (ii) | (i) | (iv) | (iii) |
| (3) | (iii) | (iv) | (i) | (ii) |
| (4) | (iv) | (iii) | (ii) | (i) |

16. রবীন্দ্রনাথ অনূদিত 'Where shall I meet him, The Man of my heart !' ইত্যাদি বাউল গানটির রচয়িতা হলেন :

(1) লালন ফকির (2) গগন হরকরা (3) মদন ফকির (4) পদ্মলোচন

17. হরপ্রসাদ শাস্ত্রীর সংস্কৃত মহাভারতের আদিপর্বের সমালোচনা অবলম্বনে নীচে প্রদত্ত **মন্তব্য** ও তার সাপেক্ষে **যুক্তির** শুদ্ধতা বিচার করে **সংকেত** থেকে **ঠিক** উত্তরটি নির্দেশ করুন :

**মন্তব্য :** পঞ্চম শতকের অনেক আগে মহাভারত লক্ষ শ্লোকে দাঁড়িয়ে ছিল।

**যুক্তি :** কেননা চার-পাঁচ শতকে তামার পাতার উপর লেখা পাওয়া যায়, যেখানে মহাভারতের নাম 'শতসাহস্রী সংহিতা'।

**সংকেত :**

(1) **মন্তব্য** ও **যুক্তি** দুইই শুদ্ধ
(2) **মন্তব্য** ও **যুক্তি** দুইই অশুদ্ধ
(3) **মন্তব্য** শুদ্ধ কিন্তু **যুক্তি** অশুদ্ধ
(4) **মন্তব্য** অশুদ্ধ কিন্তু **যুক্তি** শুদ্ধ

18. 'রাজর্ষি' উপন্যাস ও তার নাট্য রূপান্তর 'বিসর্জন'– এর অনুসরণে কয়েকটি মন্তব্য দেওয়া হল। সেগুলির **শুদ্ধ-অশুদ্ধ** বিচার করে **সংকেত** থেকে **ঠিক** উত্তরটি নির্দেশ করুন :

(a) 'রাজর্ষি' উপন্যাসের সুজা-কাহিনি 'বিসর্জনে' সম্পূর্ণ বর্জিত।

(b) 'বিসর্জন' (1297) প্রথম প্রকাশের সময় দৃশ্য সংখ্যা ছিল একুশ।

(c) বিশ্বভারতী প্রকাশিত 'বিসর্জন' নাটকের তৃতীয় সংস্করণে (1333) 'রাজর্ষি' উপন্যাসের হাসিকে পুনরায় দেখতে পাওয়া যায়।

(d) 'এবারে দিয়েছে দেখা' 'বিসর্জন' নাটকের এই ভুল পাঠ 1330 বঙ্গাব্দে রবীন্দ্রনাথের হাতে সংশোধিত হয়ে দাঁড়ায় 'এবার দিয়েছে দেখা প্রত্যক্ষ প্রতিমা!'

**সংকেত :**

| | **(a)** | **(b)** | **(c)** | **(d)** |
|---|---|---|---|---|
| (1) | অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | অশুদ্ধ |
| (2) | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ | শুদ্ধ |
| (3) | শুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | অশুদ্ধ |
| (4) | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ |

**19.** বৃন্দাবন দাস লিখেছেন ঈশ্বর চার যুগে চার রূপ ও চার বর্ণ ধারণ করে আবির্ভূত হয়েছেন। নীচের **দুটি** তালিকায় তাঁর রূপ ও বর্ণ সাজিয়ে দেওয়া হল। তালিকা দুটির সঙ্গতি বিধান করে **সংকেত** থেকে **শুদ্ধ** উত্তর দিন :

| | **প্রথম তালিকা** | | **দ্বিতীয় তালিকা** |
|---|---|---|---|
| (a) | সত্যযুগে ব্রহ্মচারীরূপ | (i) | রক্তবর্ণ |
| (b) | ত্রেতাযুগে যজ্ঞপুরুষ | (ii) | শুভ্রবর্ণ |
| (c) | দ্বাপরযুগে মহারাজরূপ | (iii) | পীতবর্ণ |
| (d) | কলিযুগে বিপ্ররূপ | (iv) | দিব্য মেঘ শ্যামবর্ণ |

**সংকেত :**

| | **(a)** | **(b)** | **(c)** | **(d)** |
|---|---|---|---|---|
| (1) | (i) | (ii) | (iii) | (iv) |
| (2) | (ii) | (i) | (iv) | (iii) |
| (3) | (iii) | (iv) | (i) | (ii) |
| (4) | (iv) | (iii) | (ii) | (i) |

**20.** বাংলায় রূপ ও ব্যবহারগত দিক থেকে পদের সংখ্যা হল :

(1) তিন (2) দুই (3) চার (4) পাঁচ

**21.** 'রবিবার' গল্পের চারটি উক্তির **শুদ্ধ-অশুদ্ধ** নির্ণয় করে **সংকেত** থেকে **সঠিক** উত্তরটি নির্দেশ করুন :

(a) 'দরকার যদি হয় না হয় চুরি করলে, পুলিশে খবর দেব'....।

(b) 'যখন আমাকে তোমার আর দরকার হবে না।'

(c) 'রাগ করব কেন। তোমার দুষ্টুমি কতক্ষণের'.....।

(d) 'আমিই ভারতবর্ষের ত্রাণকর্তা।'

**সংকেত :**

| | **(a)** | **(b)** | **(c)** | **(d)** |
|---|---|---|---|---|
| (1) | অশুদ্ধ | শুদ্ধ | শুদ্ধ | শুদ্ধ |
| (2) | অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
| (3) | শুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | অশুদ্ধ |
| (4) | শুদ্ধ | অশুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |

22. **প্রথম** ও **দ্বিতীয়** তালিকায় 'পালা-বদল' কাব্যগ্রন্থ থেকে কয়েকটি প্রসঙ্গ ও যে – কবিতায় সেই প্রসঙ্গটি এসেছে সেই কবিতার নাম দেওয়া হল। তালিকা দুটির সামঞ্জস্য বিধান করে **সংকেত** থেকে **সঠিক** উত্তরটি চিহ্নিত করুন :

| | **প্রথম তালিকা** | | **দ্বিতীয় তালিকা** |
|---|---|---|---|
| (a) | খোয়াই পেরোনো শান্তিনিকেতন | (i) | বে-স্টেট রোডে |
| (b) | পার্কার পেন | (ii) | অপঘাত |
| (c) | প্যাসিফিক তীরের মু্যজিয়ম | (iii) | মিল |
| (d) | স্বামীজি অখিলানন্দ | (iv) | ত্রয়ী |

**সংকেত :**

| | **(a)** | **(b)** | **(c)** | **(d)** |
|---|---|---|---|---|
| (1) | (iii) | (ii) | (iv) | (i) |
| (2) | (iv) | (iii) | (ii) | (i) |
| (3) | (iii) | (i) | (iv) | (ii) |
| (4) | (ii) | (iii) | (i) | (iv) |

23. 'ধাত্রীদেবতা' উপন্যাসে মাস্টার 'এ গ্রেট বুক' বলে অভিহিত করেছিলেন যে গ্রন্থটিকে সেটি হল :

(1) বঙ্কিমচন্দ্রের আনন্দমঠ
(2) মধুসূদনের মেঘনাদবধ কাব্য
(3) মিল্টনের প্যারাডাইস লস্ট
(4) রবীন্দ্রনাথের গোরা

24. 'কুয়াশায়' গল্পে গৃহত্যাগের প্রাক্কালে নলিনীর কাছ থেকে সরমা যে শক্ত মোড়কটি পেয়েছিল, তাতে ছিল :

(1) সোনার হার
(2) গলার দড়ি
(3) বিষের শিশি
(4) সোনার বালা

25. 'বিধবা বিবাহ্ প্রচলিত হওয়া উচিৎ কিনা এতদ্বিষয়ক প্রস্তাব' – এ বিদ্যাসাগর যে দ্বিশতাধিক শাস্ত্রীয় প্রমাণ উপস্থাপন করেছিলেন তার মধ্যে সাতটি সংগ্রহ করে দিয়েছিলেন :

(1) ভারতচন্দ্র শিরোমণি
(2) রামকমল ভট্টাচার্য
(3) রামগতি ন্যায়রত্ন
(4) তারানাথ তর্কবাচস্পতি

26. নীচের মন্তব্যগুলির **শুদ্ধাশুদ্ধ** নির্ণয় করে প্রদত্ত **সংকেত** থেকে **সঠিক** উত্তরটি চিহ্নিত করুন :

(a) বাংলা বর্ণমালায় মূর্ধন্য/ণ/বর্ণ আছে কিন্তু উচ্চারণে নেই

(b) কোনো কোনো বাংলা স্বরবর্ণের একাধিক উচ্চারণ আছে

(c) বাংলা বর্ণমালায় দন্ত্য/স/বর্ণ আছে কিন্তু উচ্চারণ নেই

(d) বাংলা শব্দের আদি অবস্থানে কোনো কোনো ব্যঞ্জন ধ্বনিমের উচ্চারণ নেই

**সংকেত :**

| | **(a)** | **(b)** | **(c)** | **(d)** |
|---|---|---|---|---|
| (1) | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ |
| (2) | শুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
| (3) | অশুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ | শুদ্ধ |
| (4) | শুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | অশুদ্ধ |

27. রবীন্দ্রনাথ ঠাকুরের 'কল্পনা' কাব্যের 'দুঃসময়' কবিতাটিতে প্রত্যেক স্তবকের উপান্ত্য পদ – 'তবু (বা ওরে) বিহঙ্গ, ওরে বিহঙ্গ মোর'। প্রবোধচন্দ্র সেনের মতে এটি হল :

(1) মিলান্ত পদ (2) নিঃসঙ্গ পদ (3) মিল সমাবেশ পদ (4) সহপর্বিক পদ

28. 'গোড়া কেটে আগায় জল' প্রবাদটি চারজন লেখক এক একরকম রূপে ব্যবহার করেছেন। **প্রথম তালিকায়** প্রদত্ত সেই সব সাহিত্যিকের নামের সঙ্গে **দ্বিতীয় তালিকায়** প্রদত্ত তাঁদের ব্যবহৃত প্রবাদের সামঞ্জস্য বিধান করে **সংকেত** থেকে **ঠিক** উত্তরটি চিহ্নিত করুন :

| | **প্রথম তালিকা** | | **দ্বিতীয় তালিকা** |
|---|---|---|---|
| (a) | দাশু রায় | (i) | দিতেছি আগায় জল গোড়া কেটে আগে |
| (b) | ঈশ্বর গুপ্ত | (ii) | গোড়া কেটে আগায় জল ঢালা |
| (c) | দীনবন্ধু মিত্র | (iii) | তোমার এখন আর গোড়া কেটে আগায় জল দিতে হবে না |
| (d) | অমৃতলাল বসু | (iv) | গাছের গোড়া কাটিয়া আগায় জল দিলে কি বাঁচে? |

**সংকেত :**

| | **(a)** | **(b)** | **(c)** | **(d)** |
|---|---|---|---|---|
| (1) | (ii) | (i) | (iv) | (iii) |
| (2) | (ii) | (i) | (iii) | (iv) |
| (3) | (i) | (iii) | (iv) | (ii) |
| (4) | (iii) | (iv) | (ii) | (i) |

29. ‘কৃষ্ণচরিত্র’ গ্রন্থে কৃষ্ণের বহুবিবাহ প্রসঙ্গে আলোচনার সময় বঙ্কিমচন্দ্র জানান, – প্রদ্যুম্ন হলেন :

(1) ইন্দ্রের অংশ
(2) অশ্বিনীকুমারদ্বয়ের অংশ
(3) সনৎকুমারের অংশ
(4) বরুণের অংশ

30 ‘আনন্দমঠ’ উপন্যাসের পাঠান্তরের ভিত্তিতে প্রদত্ত মন্তব্যগুলির **শুদ্ধ-অশুদ্ধ** বিচার করে **সংকেত** থেকে **সঠিক** উত্তরটি নির্দেশ করুন :

(a) উপন্যাসের শেষ সংস্করণের একাদশ পরিচ্ছেদে শান্তির বীরত্বের কথা বর্তমান।

(b) বঙ্গদর্শন পত্রিকার পাঠে ভবানন্দ জীবানন্দকে 50 জন ইংরেজ নিধন করতে আদেশ দিয়েছিলেন।

(c) উপন্যাসের শেষ সংস্করণের চতুর্থ খণ্ডের চতুর্থ পরিচ্ছেদের সূচনা হয়েছে মাঘী পূর্ণিমার দিন।

(d) উপন্যাসের শেষ সংস্করণের উপক্রমণিকায় বঙ্গদর্শনের পাঠ পরিবর্তন হয়েছে।

**সংকেত :**

| | **(a)** | **(b)** | **(c)** | **(d)** |
|---|---|---|---|---|
| (1) | অশুদ্ধ | অশুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
| (2) | শুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | অশুদ্ধ |
| (3) | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ |
| (4) | অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |

31. **প্রথম তালিকায়** প্রদত্ত কেতকাদাস ক্ষেমানন্দের মনসামঙ্গলের পালা নামের সঙ্গে **দ্বিতীয় তালিকার** ঘটনাগুলির সামঞ্জস্য বিধান করে **সংকেত** থেকে **শুদ্ধ** উত্তরটি নির্বাচন করুন :

| | **প্রথম তালিকা** | | **দ্বিতীয় তালিকা** |
|---|---|---|---|
| (a) | অষ্টম পালা | (i) | জগন্নাথের কাহিনি |
| (b) | নবম পালা | (ii) | নিছনির মনসার বারাপূজা |
| (c) | একাদশ পালা | (iii) | বিঘত্যার গাঙ্গুর অতিক্রম |
| (d) | ত্রয়োদশ পালা | (iv) | মনসার মালিনী বেশ ধারণ |

**সংকেত :**

| | **(a)** | **(b)** | **(c)** | **(d)** |
|---|---|---|---|---|
| (1) | (iii) | (ii) | (iv) | (i) |
| (2) | (iii) | (i) | (ii) | (iv) |
| (3) | (i) | (ii) | (iii) | (iv) |
| (4) | (ii) | (iv) | (i) | (iii) |

32. 'বলাকা' কাব্যের চারটি কবিতার প্রথম চরণ ও সেই কবিতাগুলির প্রথম প্রকাশের স্থান নীচের **দুটি তালিকায়** দেওয়া হল। উভয় তালিকার সামঞ্জস্য বিধান করে **সংকেত** থেকে **ঠিক** উত্তরটি নির্বাচন করুন :

| | **প্রথম তালিকা** | | **দ্বিতীয় তালিকা** |
|---|---|---|---|
| (a) | আমি যে বেসেছি ভালো এই জগতেরে | (i) | সবুজ পত্র |
| (b) | তোমারে কি বার বার করেছিনু অপমান? | (ii) | প্রবাসী |
| (c) | এবার যে ঐ এল সর্বনেশে গো | (iii) | ভারতী |
| (d) | কত লক্ষ বরষের তপস্যার ফলে | (iv) | মানসী |

**সংকেত :**

| | **(a)** | **(b)** | **(c)** | **(d)** |
|---|---|---|---|---|
| (1) | (iii) | (iv) | (i) | (ii) |
| (2) | (ii) | (i) | (iii) | (iv) |
| (3) | (iii) | (iv) | (ii) | (i) |
| (4) | (i) | (iii) | (iv) | (ii) |

33. 'স্মরগরল' কাব্যগ্রন্থের যে – কবিতার সূচনায় রবার্ট ব্রাউনিং-এর কবিতাংশ উদ্ধৃত হয়েছে সেটি হল :

(1) চাঁদের বাসর (2) প্রেম ও ফুল (3) বসন্ত- বিদায় (4) প্রেম ও জীবন

34. **প্রথম তালিকায়** প্রদত্ত 'চেনামহল' উপন্যাসের চরিত্র নামের সঙ্গে **দ্বিতীয় তালিকায়** প্রদত্ত সেইসব চরিত্রের বৈশিষ্ট্যগুলির সামঞ্জস্য বিধান করে **সংকেত** থেকে **সঠিক** উত্তরটি নির্বাচন করুন :

| | **প্রথম তালিকা** | | **দ্বিতীয় তালিকা** |
|---|---|---|---|
| (a) | অবনীমোহন | (i) | রূপবান নয়, স্বাস্থ্যবান পুরুষ |
| (b) | কনকলতা | (ii) | রঙিন পাথরের মানুষ |
| (c) | বাসন্তী | (iii) | রূপ সম্পর্কে আত্মসচেতন |
| (d) | বৈদ্যনাথ | (iv) | হাসলে বেশ সুন্দর দেখায় |

**সংকেত :**

| | **(a)** | **(b)** | **(c)** | **(d)** |
|---|---|---|---|---|
| (1) | (i) | (iv) | (iii) | (ii) |
| (2) | (ii) | (iii) | (iv) | (i) |
| (3) | (ii) | (i) | (iii) | (iv) |
| (4) | (iii) | (ii) | (iv) | (i) |

35. নারায়ণ গঙ্গোপাধ্যায়ের যে – গল্পে কবি ঈশ্বর গুপ্তের উল্লেখ আছে, সেটি হল :

(1) বনতুলসী (2) ভাঙা চশমা (3) টোপ (4) দুঃশাসন

36. রাজসিংহ উপন্যাসের 'বিবাহে বিকল্প' শীর্ষক তৃতীয় খণ্ডের পরিচ্ছেদগুলির সঠিক ক্রমটি চিহ্নিত করুন :

(1) প্রভুভক্তি → মেহেরজান → নিরাশা → মাতাজী কি জয়

(2) মাতাজী কি জয় → নিরাশা → মেহেরজান → প্রভুভক্তি

(3) নিরাশা → মাতাজী কি জয় → প্রভুভক্তি → মেহেরজান

(4) মেহেরজান → নিরাশা → প্রভুভক্তি → মাতাজী কি জয়

37. অবনীন্দ্রনাথের মতে ব্রতক্রিয়ার উৎপত্তির মূল কারণ :

(1) ধর্মের জটিল অনুষ্ঠান ও দেবদেবীর মাহাত্ম্য প্রচার

(2) ঋতুপরিবর্তনের সঙ্গে মানুষের যে দশা-বিপর্যয় তা ঠেকাবার ইচ্ছা

(3) আদিম গোষ্ঠীবদ্ধ সমাজের উৎসব

(4) মানুষের ভীতিজনিত ভক্তি

38. প্রমথ চৌধুরীর 'তেল নুন লকড়ি' প্রবন্ধ অবলম্বনে প্রদত্ত মন্তব্যগুলির **শুদ্ধ-অশুদ্ধ** বিচার করে **সংকেত** থেকে **শুদ্ধ** উত্তরটি নির্বাচন করুন :

(a) আর্টের প্রাণ কর্তার হাতে এবং মনে, ভোক্তার চোখে এবং কানে নয়।

(b) আর্টের সন্ধান তার স্রষ্টার কাছে মেলে, দর্শক কিংবা শ্রোতার কাছে নয়।

(c) বিদেশি এবং বিজাতীয় আর্টের আদর কেবল কাল্পনিক মাত্র নয়।

(d) বিদেশিদের কাছে রূপের পরিচয় রুপিয়া দিয়ে।

**সংকেত :**

| | (a) | (b) | (c) | (d) |
|---|---|---|---|---|
| (1) | অশুদ্ধ | শুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ |
| (2) | অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
| (3) | শুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | অশুদ্ধ |
| (4) | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ |

39. ‘এ যুগের বাংলার ছোটগল্প Maupassant -র ছোটগল্পের দ্বারা অনুপ্রাণিত হয়েছে।’ মন্তব্যটি করেছেন :

(1) প্রভাতকুমার মুখোপাধ্যায় (2) প্রমথ চৌধুরী

(3) প্রিয়নাথ সেন (4) জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর

40. ‘আমাদের সমালোচ্য গ্রন্থখানিতে উভয় শ্রেণীরই গান দেখা যায়। ইহার মধ্যে কতকগুলি গান আছে যাহা সুখপাঠ্য নহে, যাহার ছন্দ ও ভাববিন্যাস সুর তালের অপেক্ষা রাখে – সেগুলি সাহিত্য সমালোচকের অধিকার বহির্‌ভূত।’

– দ্বিজেন্দ্রলাল রায়ের একটি গ্রন্থ সম্পর্কে যথার্থ সমালোচকের মতো এই মন্তব্যটি করেছেন :

(1) রবীন্দ্রনাথ ঠাকুর (2) মোহিতলাল মজুমদার

(3) শ্রীকুমার বন্দ্যোপাধ্যায় (4) বুদ্ধদেব বসু

41. ‘গৈরিক পতাকা’ নাটকের প্রথম অঙ্ক, প্রথম দৃশ্যে মাওলা প্রজারা ভবানী মন্দিরে উঠে আসবার সুযোগকে যেভাবে দেখেছে তা হল :

(1) কৃপার দান (2) স্বাধিকার (3) শিবাজীর উদারতা (4) দেশের ডাক

42. নীচে ছন্দোযতিসহ চারটি ছত্র দেওয়া হল। রীতি অনুযায়ী মাত্রা গণনার পর যতিগুলি যথাস্থানে পড়েছে কিনা তার **শুদ্ধ-অশুদ্ধ** বিচার করে **সংকেত** থেকে **সঠিক** উত্তরটি চিহ্নিত করুন :

(a) চিমনি ভেঙে। গেছে দেখে।। গিন্নি রেগে। খুন,

(b) ঝি বলে। আমার। দোষ নেই।। ঠাকরুন।

(c) চিমনি ফে:টেছে দেখে।। গৃহিনী। সরোষ,

(d) ঝি বলে ঠাক:রুন মোর।। নেই কোন। দোষ।

**সংকেত :**

| | **(a)** | **(b)** | **(c)** | **(d)** |
|---|---|---|---|---|
| (1) | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ |
| (2) | শুদ্ধ | অশুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
| (3) | শুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | অশুদ্ধ |
| (4) | অশুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ | শুদ্ধ |

43 ঈশ্বরচন্দ্র গুপ্তের প্রয়াণের পর সংবাদ প্রভাকর পত্রিকার সম্পাদক হয়েছিলেন :

(1) কৃষ্ণচন্দ্র গুপ্ত (2) গোপালচন্দ্র গুপ্ত (3) রামচন্দ্র গুপ্ত (4) গণেশচন্দ্র গুপ্ত

**44.** নীচের **দুটি তালিকায়** মধুসূদনের কাব্যকৃতি সম্পর্কে চারজন সমালোচকের মতামত ও তাঁদের নাম দেওয়া হল। উভয় তালিকার সামঞ্জস্য বিধান করে **সংকেত** থেকে **শুদ্ধ** উত্তরটি নির্বাচন করুন :

| | **প্রথম তালিকা** | | **দ্বিতীয় তালিকা** |
|---|---|---|---|
| (a) | 'মাইকেল মধুসূদন দত্ত দেশীপ্রথা পরিত্যাগ করিয়া ইউরোপীয় প্রথা অবলম্বন করিয়া স্বপ্রণীত কাব্যসকলের কিঞ্চিৎ হানি করিয়াছিলেন।' | (i) | মোহিতলাল মজুমদার |
| (b) | 'রাম রাবণ সম্বন্ধে আমাদের মনে যে একটা বাঁধাবাঁধি ভাব আছে, সত্যি কি তার শাসন তিনি ভেঙেছেন?' | (ii) | রবীন্দ্রনাথ |
| (c) | 'যাহার অন্তর্গূঢ় আগ্নেয় আন্দোলনে সমস্ত মহাকাব্যে ভূমিকম্প উপস্থিত হয়, সেই অভ্রভেদী বিরাট মূর্তি মেঘনাদবধ কাব্যে কোথায়?' | (iii) | বুদ্ধদেব বসু |
| (d) | 'মেঘনাদবধ কাব্য কোন্ জাতীয় কাব্য, গীতিকাব্য না মহাকাব্য – সে বিচারে কিছু মাত্র প্রয়োজন নাই।' | (iv) | বঙ্কিমচন্দ্র |

**সংকেত :**

| | **(a)** | **(b)** | **(c)** | **(d)** |
|---|---|---|---|---|
| (1) | (iii) | (i) | (iv) | (ii) |
| (2) | (iv) | (ii) | (iii) | (i) |
| (3) | (ii) | (iv) | (i) | (iii) |
| (4) | (iv) | (iii) | (ii) | (i) |

**45.** 'সীতা' নাটক অনুসরণে নীচে প্রদত্ত **মন্তব্য** ও **যুক্তির** মধ্যে **শুদ্ধ-অশুদ্ধ** বিচার করে **সংকেত** থেকে **সঠিক** উত্তরটি নির্দেশ করুন :

**মন্তব্য :** প্রজারঞ্জনের জন্য বিচারবোধ বিসর্জন দেওয়া যে ন্যায়ধর্ম নয়, শম্বুকের কাহিনিতে তা দেখানো হয়েছে।

**যুক্তি :** কারণ রামচন্দ্র শম্বুকের যুক্তি খণ্ডন করতে পারেননি।

**সংকেত :**

(1) **মন্তব্য** ও **যুক্তি** দুইই শুদ্ধ (2) **মন্তব্য** শুদ্ধ **যুক্তি** অশুদ্ধ

(3) **মন্তব্য** অশুদ্ধ **যুক্তি** শুদ্ধ (4) **মন্তব্য** ও **যুক্তি** দুইই অশুদ্ধ

46. **প্রথম তালিকায়** কয়েকটি কবিতা – পংক্তি ও **দ্বিতীয় তালিকায়** তাদের ছন্দের নাম ও পরিচয় দেওয়া হল। কোন্ পংক্তিটি কোন্ ছন্দের, তার সাযুজ্য বিধান করে **সংকেত** থেকে **শুদ্ধ** উত্তরটি নির্বাচন করুন :

| **প্রথম তালিকা** | | **দ্বিতীয় তালিকা** | |
|---|---|---|---|
| (a) | কাটলে বেলা সাধের খেলা সমাপ্ত হয় বলে। | (i) | দলবৃত্ত অমিল পয়ার মুক্তক |
| (b) | সূর্য চলেন ধীরে সন্ন্যাসী বেশে। | (ii) | মিশ্রবৃত্ত দ্বিপদী |
| (c) | তপ্ত কপোলের তাপে ক্লান্ত কর্ণোৎপল। | (iii) | কলাবৃত্ত দ্বিপদী |
| (d) | সৃষ্টিপীড়া ধাক্কা লাগায়<br>শিল্পকারের তুলির পিছনে। | (iv) | দলবৃত্ত দ্বিপদী |

**সংকেত :**

| | **(a)** | **(b)** | **(c)** | **(d)** |
|---|---|---|---|---|
| (1) | (iv) | (iii) | (ii) | (i) |
| (2) | (iv) | (i) | (iii) | (ii) |
| (3) | (ii) | (iii) | (iv) | (i) |
| (4) | (iii) | (ii) | (i) | (iv) |

47. নীচের **দুটি তালিকায়** ভাষা – পরিবর্তনের কয়েকটি সূত্র এবং তার সংজ্ঞা দেওয়া হল। তালিকা দুটির সামঞ্জস্য বিধান করে **সংকেত** অনুসারে **সঠিক** উত্তরটি চিহ্নিত করুন :

| **প্রথম তালিকা** | | **দ্বিতীয় তালিকা** | |
|---|---|---|---|
| (a) | ধ্বনিতে একরকম, বানানে পৃথক | (i) | যমক |
| (b) | ভিন্ন ভিন্ন শব্দের একরূপ লাভ | (ii) | সমধ্বনি |
| (c) | এক শব্দের একাধিক রূপ লাভ | (iii) | মিশ্রণ |
| (d) | একটি শব্দের প্রভাবে অন্য শব্দের রূপ পরিবর্তন | (iv) | সমরূপ |

**সংকেত :**

| | **(a)** | **(b)** | **(c)** | **(d)** |
|---|---|---|---|---|
| (1) | (i) | (ii) | (iii) | (iv) |
| (2) | (iii) | (iv) | (ii) | (i) |
| (3) | (ii) | (iv) | (i) | (iii) |
| (4) | (i) | (iii) | (iv) | (ii) |

48. নীচে ‘উত্তর চরিত’ প্রবন্ধ অনুসরণে একটি **মন্তব্য** এবং তার সাপেক্ষে একটি **যুক্তি** দেওয়া হল। মন্তব্য ও যুক্তির **শুদ্ধাশুদ্ধ** বিচার করে **সংকেত** থেকে **ঠিক** উত্তরটি নির্দেশ করুন :

**মন্তব্য :** ভবভূতির রামচন্দ্র চরিত্রে বীরলক্ষণ কিছুই নাই। গাম্ভীর্য ও ধৈর্যের অভাব।

**যুক্তি :** কারণ কবি ভবভূতির ব্যক্তি-জীবনের প্রতিফলন রামচন্দ্র চরিত্রে পড়েছে।

**সংকেত :**

(1) **মন্তব্য** অশুদ্ধ **যুক্তি** শুদ্ধ (2) **মন্তব্য যুক্তি** দুই-ই অশুদ্ধ

(3) **মন্তব্য** শুদ্ধ **যুক্তি** অশুদ্ধ (4) **মন্তব্য** ও **যুক্তি** দুই-ই শুদ্ধ

49. বিভূতিভূষণ মুখোপাধ্যায়ের ‘বরযাত্রী’ গল্পের রাজেন যে – নাটকটি লিখতে আরম্ভ করেছিল সেটি হল :

(1) বিবাহ্ - বিভ্রাট (2) বাসর - তাণ্ডব (3) পরিণয় - পরিণাম (4) বিবাহ্ - বাসর

50. সাঁওতাল জনজাতির মুরমু গোত্রের টোটেম হল :

(1) মকর (2) নীলগাই (3) বুনোহাঁস (4) লবণ

51. ‘উজ্জ্বলনীলমণি’ অনুসারে ‘বক্রদূতী’ হলেন :

(1) দক্ষিণাদূতী (2) বামাদূতী (3) অমিতার্থাদূতী (4) বংশীদূতী

52. পুরোনো বাংলা লিপিতে বর্ণ বা অক্ষরের আকৃতিগত সাদৃশ্য ও তজ্জনিত বিপর্যয় প্রাচীন পুথির পাঠোদ্ধারে অন্যতম সমস্যা। স = ম, ত = ভ, ন = ল, র = ব, গ = শ, কু = ঙ্গ – এই সব বর্ণের ‘রূপ সাম্য’- র ফলে যে পাঠ সমস্যার সৃষ্টি হয়েছে তার দৃষ্টান্ত হল :

(1) সর্ব্বাঙ্গে সুন্দরি রাধা মোহিলী মুরারী। (2) সোদর ভাগিনা বড়ায়ি মাঙ্গত সুরতী।

(3) আর না পিন্ধিবোঁ বড়ায়ি সুরঙ্গ পাটোল। (4) করঙ্গরুবিন্দ মাল নির্মিত কমলে।

53. ‘সোনার তরী’ কাব্যের যে – কবিতাটি রাজসাহী যাবার পথে পদ্মায় ‘মিনো জাহাজে’ লেখা হয়েছিল সেটি হল :

(1) ঝুলন (2) মানস সুন্দরী (3) যেতে নাহি দিব (4) দুর্বোধ

54. হরপ্রসাদ শাস্ত্রী সম্পাদিত 'চর্য্যাচর্য্য বিনিশ্চয়' সংকলনে 'লাড়ী ডোম্বী পাদানাম্ সূনেত্যাদি। চর্য্যায়া ব্যাখ্যা নাস্তি।' বলে পঞ্চাশটি চর্যাপদের অতিরিক্ত নতুন যে পদ ও পদকর্তার উল্লেখ আছে সেটি পাওয়া যায় :

(1) 41 ও 42 সংখ্যক পদের মধ্যবর্তী স্থানে
(2) 10 ও 11 সংখ্যক পদের মধ্যবর্তী স্থানে
(3) 26 ও 27 সংখ্যক পদের মধ্যবর্তী স্থানে
(4) 4 ও 5 সংখ্যক পদের মধ্যবর্তী স্থানে

55. '....আমরা বাইরনের ভক্ত। শেলীর জ্যোৎস্নার মতো অতি অশরীরী কল্পনা খুব কম বাঙালির ভালো লাগে।' রবীন্দ্রনাথের যে প্রবন্ধে মন্তব্যটি আছে, সেটি হল :

(1) 'বাঙালি কবি নয়'
(2) 'বাঙালি কবি নয় কেন'
(3) 'কাব্যের অবস্থা পরিবর্তন'
(4) 'স্যাকসন জাতি ও অ্যাংলো স্যাকসন সাহিত্য'

56. প্রভাতকুমার মুখোপাধ্যায়ের গল্প অনুসরণে কয়েকটি **শুদ্ধ-অশুদ্ধ** মন্তব্য দেওয়া হল। **সংকেত** থেকে **সঠিক** উত্তরটি চিহ্নিত করুন :

(a) 'কাশীবাসিনী' গল্পে মালতীর বিবাহ হয়েছিল অঘ্রান মাসে।
(b) 'মাতৃহীন' গল্পের মিস ক্যাম্বেল যখন বাংলা শেখা আরম্ভ করেছিলেন তখন তিনি অষ্টাদশী বালিকা।
(c) 'আদরিণী' গল্পে জয়রাম মুখোপাধ্যায়ের জ্যেষ্ঠা পৌত্রীর বিবাহ স্থির হয়েছিল জৈষ্ঠ মাসে।
(d) 'বলবান জামাতা' গল্পের নলিনীবাবুর শ্বশুরবাড়ি এলাহাবাদে।

**সংকেত :**

| | (a) | (b) | (c) | (d) |
|---|---|---|---|---|
| (1) | শুদ্ধ | অশুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
| (2) | অশুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ | শুদ্ধ |
| (3) | শুদ্ধ | শুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ |
| (4) | অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |

57. রবীন্দ্রনাথ তাঁর যে – প্রবন্ধে বাউলতত্ত্বের ব্যাখ্যা করেছেন, সেটি হল :

(1) 'The Religion of an Artist'
(2) 'The Philosophy of our people'
(3) 'East is East'
(4) 'Spiritual Civilization'

58. রামমোহন এগুলির মধ্যে যে উপনিষদের অনুবাদ করেননি সেটি হল :

(1) ঈশোপনিষৎ (2) কঠোপনিষৎ (3) ছান্দোগ্য উপনিষৎ (4) তলবকার উপনিষৎ

59. হাসির রাজ্যের মাঝে একটি বিষাদ শুধু

ম্লান-মনে হাসিমুখে কেবলি ভ্রমিত। –

– রবীন্দ্রনাথের 'সন্ধ্যাসংগীত' কাব্যের 'তারকার আত্মহত্যা' কবিতার এই দুটি ছত্র বর্জ্জিত হয় :

(1) কবিতার প্রথম স্তবকের শেষ অংশ থেকে।

(2) কবিতার দ্বিতীয় স্তবক থেকে।

(3) তৃতীয় স্তবকের সূচনা থেকে।

(4) কবিতার সমাপ্তি অংশ থেকে।

60. **প্রথম তালিকায়** প্রদত্ত ভারতীয় কাব্যতত্ত্বের ধারণার সঙ্গে **দ্বিতীয় তালিকার** আলংকারিকদের নামের সামঞ্জস্য বিধান করে **সংকেত** থেকে **ঠিক** উত্তরটি নির্দেশ করুন :

| | **প্রথম তালিকা** | | **দ্বিতীয় তালিকা** |
|---|---|---|---|
| (a) | কাব্যের রস ও অলংকার 'অপৃথগযত্ননির্বর্ত্য' | (i) | বিশ্বনাথ |
| (b) | বৈদগ্ধ্যপূর্ণ ভঙ্গী সহকারে উক্তি – 'বক্রোক্তি' | (ii) | ক্ষেমেন্দ্র |
| (c) | 'অলংকার' কটককুণ্ডলাদির মতো আভরণ | (iii) | আনন্দবর্ধন |
| (d) | ঔচিত্য রসের প্রাণ | (iv) | কুন্তক |

**সংকেত :**

| | **(a)** | **(b)** | **(c)** | **(d)** |
|---|---|---|---|---|
| (1) | (ii) | (i) | (iv) | (iii) |
| (2) | (iii) | (iv) | (i) | (ii) |
| (3) | (i) | (ii) | (iii) | (iv) |
| (4) | (iv) | (iii) | (ii) | (i) |

**61.** 'সংস্কৃতি শিল্প ইতিহাস' গ্রন্থ অনুসরণে নীচে প্রদত্ত **মন্তব্য** এবং তার সাপেক্ষে **যুক্তির** শুদ্ধতা বিচার করে **সংকেত** থেকে **সঠিক** উত্তর নির্বাচন করুন :

**মন্তব্য :** সংস্কৃতির কোনও চরম রূপ কোনও এক সময়ে চিরকালের জন্য বলে দেওয়া যায় না।

**যুক্তি :** কেননা সংস্কৃতির মূল কথাই হল 'সমন্বয়', 'তত্ত্বানুসন্ধিৎসা' ও অহিংসা।

**সংকেত :**

(1) **মন্তব্য** ও **যুক্তি** দুইই শুদ্ধ
(2) **মন্তব্য** ও **যুক্তি** দুইই অশুদ্ধ
(3) **মন্তব্য** শুদ্ধ **যুক্তি** অশুদ্ধ
(4) **মন্তব্য** অশুদ্ধ কিন্তু **যুক্তি** শুদ্ধ

**62.** 'সাধারণত যখন দুটি বিরোধী মতে কিছু সত্য আছে লোকে স্বীকার করে, তখনই লোকে আলোচনা করে।' – ধূর্জটিপ্রসাদ মুখোপাধ্যায়ের 'আমরা ও তাহারা' গ্রন্থের যে প্রবন্ধ থেকে উপরিউক্ত মন্তব্যটি গৃহীত হয়েছে, সেটি হল :

(1) সঙ্গীতের কথা (2) সুরের কথা (3) বিরোধের কথা (4) মনের কথা

**63.** 'এক হিসেবে টি.এস.এলিয়ট-এর Waste Land ... আধুনিক বাংলা কবিতার জন্মস্থান।' – মন্তব্যটি করেছেন :

(1) জীবনানন্দ দাশ (2) অমিয় চক্রবর্তী (3) বিষ্ণু দে (4) সমর সেন

**64.** 'পদ্মানদীর মাঝি' উপন্যাসে প্রথম যে গানটির উল্লেখ আছে, সেটি গেয়েছে :

(1) হোসেন মিঞা (2) কুবের (3) গণেশ (4) রাসু

**65.** 'কচি সংসদ' গল্পে রবীন্দ্রনাথের যে গল্পের উল্লেখ আছে, সেটি হল :

(1) মুসলমানীর গল্প (2) বদনাম (3) দুরাশা (4) তপস্বিনী

**66.** 'ভারতবর্ষের স্বাধীনতা ও পরাধীনতা' প্রবন্ধ অবলম্বনে কয়েকটি **শুদ্ধ-অশুদ্ধ** মন্তব্য দেওয়া হল। **সংকেত** থেকে **সঠিক** উত্তরটি চিহ্নিত করুন :

(a) স্বজাতির পীড়ন ও ভিন্নজাতির পীড়ন উভয়ই সমান।

(b) স্বজাতীয়ের হস্তে পীড়া কিছু মিষ্ট।

(c) পরজাতীয়ের কৃত পীড়া কিছু তিক্ত।

(d) স্বজাতীয়ের কৃত পীড়ায়, কাহারও প্রীতি থাকে তাহাতে আমাদের আপত্তি নাই।

**সংকেত :**

| | **(a)** | **(b)** | **(c)** | **(d)** |
|---|---|---|---|---|
| (1) | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ |
| (2) | শুদ্ধ | অশুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
| (3) | অশুদ্ধ | অশুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
| (4) | শুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | অশুদ্ধ |

**67.** হরপ্রসাদ শাস্ত্রী যে – প্রবন্ধে ব্রাহ্মীলিপি থেকে বাংলা লিপির উৎপত্তির ক্রমবিবর্তনের চিত্র মুদ্রিত করেছেন সেটি হল :

(1) বাংলার পুরাণ লিপি
(2) বাংলার পুরাণ অক্ষর
(3) বাংলার পুরাণ বর্ণমালা
(4) বাংলার পুরাণ লেখন

**68.** 'ইহার চেয়ে হতেম যদি আরব বেদুইন' – এখানে ব্যবহৃত 'চেয়ে' অনুসর্গটি হল :

(1) তদ্ভব
(2) অর্ধতৎসম
(3) অসমাপিকা
(4) বিদেশি

**69.** 'কৃষ্ণকান্তের উইল' উপন্যাসে কৃষ্ণকান্ত রায়ের শ্রাদ্ধের খরচ নিয়ে শত্রুপক্ষ মিত্র পক্ষের বিতর্কে তাঁর উত্তরাধিকারিগণ গোপনে মিত্রপক্ষকে বলেছিল :

(1) আন্দাজ লক্ষ টাকা ব্যয় হয়েছে।

(2) আন্দাজ সত্তর হাজার টাকা ব্যয় হয়েছে।

(3) আন্দাজ চল্লিশ হাজার টাকা ব্যয় হয়েছে।

(4) আন্দাজ পঞ্চাশ হাজার টাকা ব্যয় হয়েছে।

**70.** বনফুলের 'নিমগাছ' গল্প অনুসরণে একটি **মন্তব্য** ও তার সমর্থনে **যুক্তি** দেওয়া হল। **সংকেত** থেকে **সঠিক** উত্তরটি চিহ্নিত করুন :

**মন্তব্য :** বাড়ির পিছনে আবর্জনার স্তূপের মধ্যেই দাঁড়িয়ে রইল সে।

**যুক্তি :** কেননা তাকে দেখে মুগ্ধ হয়ে কবি অনেক প্রশংসা করেছিল।

**সংকেত :**

(1) **মন্তব্য** ও **যুক্তি** দুই-ই শুদ্ধ

(2) **মন্তব্য** ও **যুক্তি** দুই-ই অশুদ্ধ

(3) **মন্তব্য** শুদ্ধ কিন্তু **যুক্তি** অশুদ্ধ

(4) **মন্তব্য** অশুদ্ধ কিন্তু **যুক্তি** শুদ্ধ

**71.** 'পল্লীসমাজ' উপন্যাস অবলম্বনে কয়েকটি **শুদ্ধ-অশুদ্ধ** উক্তি দেওয়া হল। **সংকেত** থেকে **সঠিক** উত্তরটি চিহ্নিত করুন :

(a) বলরাম মুখুয্যে তাঁর মিতা তারিণী ঘোষালের সঙ্গে বিক্রমপুর থেকে কুঁয়াপুর গ্রামে আসেন।

(b) রমেশ কলকাতার কলেজে পড়ত।

(c) মধুপালের দোকান ছিল নদীর পথে হাটের একধারে।

(d) গ্রামের ইস্কুলের সেক্রেটারি ছিল বেণী ঘোষাল।

**সংকেত :**

| | (a) | (b) | (c) | (d) |
|---|---|---|---|---|
| (1) | শুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | অশুদ্ধ |
| (2) | অশুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ | শুদ্ধ |
| (3) | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ |
| (4) | অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |

**72.** নীচে কয়েকটি **শুদ্ধ-অশুদ্ধ** মন্তব্য দেওয়া হল। প্রদত্ত **সংকেত** থেকে **সঠিক** উত্তরটি চিহ্নিত করুন :

(a) সত্যেন্দ্রনাথ দত্তের কাব্যসঞ্চয়নের কবি পরিচিতি লিখেছিলেন ব্রজেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়।

(b) স্মরগরল কাব্যগ্রন্থের প্রথম ও দ্বিতীয় সংস্করণের ভূমিকা লিখেছিলেন সজনীকান্ত দাস।

(c) অর্কেস্ট্রা কাব্যগ্রন্থের ভূমিকায় যে জার্মান কবির উল্লেখ আছে, তিনি হলেন রিলকে।

(d) সাগর থেকে ফেরা কাব্যগ্রন্থের শেষ কবিতাটি হল দশানন।

**সংকেত :**

| | (a) | (b) | (c) | (d) |
|---|---|---|---|---|
| (1) | অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
| (2) | অশুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ | শুদ্ধ |
| (3) | শুদ্ধ | অশুদ্ধ | অশুদ্ধ | অশুদ্ধ |
| (4) | শুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |

73. চরঘোষ পুরে যে উকিল গোরাকে সাহায্য করেছিলেন তিনি হলেন :

(1) গোরার পিতার বন্ধু
(2) গোরার সহপাঠী
(3) বিনয়ের সম্পর্কিত দাদা
(4) পরেশ বাবুর বন্ধু

74. শ্রীকৃষ্ণ বিজয় কাব্য অনুসারে প্রদত্ত নামের অসুরদের কৃষ্ণ কর্তৃক বধ করার **সঠিক** ক্রমটি **সংকেত** থেকে নির্দেশ করুন :

(a) বৎসাসুর
(b) প্রলম্বাসুর
(c) তৃণাবর্ত
(d) ব্যোমাসুর

**সংকেত :**

(1) (d) → (b) → (a) → (c)
(2) (a) → (d) → (c) → (b)
(3) (c) → (a) → (b) → (d)
(4) (b) → (c) → (d) → (a)

75. 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের পুথিতে বৃন্দাবন খণ্ডে 219 সংখ্যক পদের প্রথম ছত্রটির প্রথমে পাঠ ছিল –

''তোর রতি আশেঁ গেলা অভিসারে।''

পরে 'আঁশে'র পূর্বে তোলা পাঠে বসানো হয় :

(1) প্রেম
(2) বাসো
(3) পাঁবো
(4) আশো

76. বুদ্ধদেব বসুর 'রামায়ণ' প্রবন্ধ অনুসরণে কয়েকটি **শুদ্ধ-অশুদ্ধ** মন্তব্য দেওয়া হয়েছে। প্রদত্ত **সংকেত** থেকে **সঠিক** উত্তরটি চিহ্নিত করুন :

(a) যাকে বলা যায় সম্পূর্ণ সত্য মহাকাব্য তারই নির্বিকার দর্পণ
(b) কৃত্তিবাসের রম্য কাননে আদি কবির মহাকাব্যের ফুল কুড়ানো সম্ভব
(c) মহাভারতে দেখতে পাই চিরকালের সমস্ত মানব জীবনের প্রতিবিম্বন
(d) আমরা যাকে কবিত্ব বলি তাতে রামায়ণ সমৃদ্ধতর

**সংকেত :**

| | **(a)** | **(b)** | **(c)** | **(d)** |
|---|---|---|---|---|
| (1) | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ |
| (2) | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ | শুদ্ধ |
| (3) | অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
| (4) | অশুদ্ধ | শুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ |

77. লোকসংস্কৃতি ও লোকসাহিত্য থেকে প্রদত্ত মন্তব্যগুলির **শুদ্ধ-অশুদ্ধ** বিচার করে **সংকেত** থেকে **ঠিক** উত্তরটি চিহ্নিত করুন :

(a) 'জারিগান' হল এক প্রকার শোক সংগীত

(b) 'The Types of Folktale' (1928) গ্রন্থটির রচয়িতা হলেন আর্নে থম্পসন

(c) ডেনমার্কের লোকসংস্কৃতিবিদ Axel Olrik প্রদত্ত Epic Law -এর চতুর্থ সূত্রটি হল পুনরাবৃত্তির সূত্র (Law of repetition)

(d) সাঁওতাল জনজাতির মুরমু গোত্রের টোটেম হল মকর

**সংকেত :**

| | **(a)** | **(b)** | **(c)** | **(d)** |
|---|---|---|---|---|
| (1) | শুদ্ধ | অশুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
| (2) | অশুদ্ধ | শুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ |
| (3) | অশুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ | শুদ্ধ |
| (4) | শুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | অশুদ্ধ |

78. **প্রথম তালিকায়** বাংলা ছন্দোযতির নাম ও **দ্বিতীয় তালিকায়** তার সংকেত চিহ্নগুলি দেওয়া হল। তালিকা **দুটির** সামঞ্জস্য বিধান করে **সংকেত** থেকে **শুদ্ধ** উত্তরটি নির্ণয় করুন :

| | **প্রথম তালিকা** | | **দ্বিতীয় তালিকা** |
|---|---|---|---|
| (a) | অর্ধযতি বা পদযতি লোপ | (i) | ত্রিবিন্দু দণ্ড (⁝) |
| (b) | প্রস্বর | (ii) | দ্বিদণ্ড চিহ্ন (।।) |
| (c) | লঘুযতি বা পর্বযতি লোপ | (iii) | ঢ্যারা চিহ্ন (×) |
| (d) | অর্ধযতি বা পদযতি | (iv) | দলের মাথায় ছোট দণ্ড চিহ্ন (।) |

**সংকেত :**

| | **(a)** | **(b)** | **(c)** | **(d)** |
|---|---|---|---|---|
| (1) | (iii) | (i) | (ii) | (iv) |
| (2) | (ii) | (iii) | (iv) | (i) |
| (3) | (i) | (ii) | (iv) | (iii) |
| (4) | (iii) | (iv) | (i) | (ii) |

79. **প্রথম** ও **দ্বিতীয় তালিকায়** শেক্সপীয়র সম্পর্কে মন্তব্য ও লেখকের নাম দেওয়া হল। তালিকা **দুটির** সামঞ্জস্য বিধান করে **সংকেত** থেকে **সঠিক** উত্তরটি চিহ্নিত করুন :

| **প্রথম তালিকা** | | **দ্বিতীয় তালিকা** | |
|---|---|---|---|
| (a) | 'মিরাণ্ডার চরিত্রে প্রকৃতির পরিবেষ্টনীর প্রভাব আছে। যদিও কালিদাসের শকুন্তলার ন্যায় তাহা স্পষ্টীকৃত নয়।' | (i) | হরপ্রসাদ শাস্ত্রী |
| (b) | 'হ্যামলেটের সংকট উন্মাদনায় নয়, পরিস্থিত নানা প্রভাবের সঙ্গে যোদ্ধা ধর্মের সংঘাত।' | (ii) | ললিতকুমার বন্দ্যোপাধ্যায় |
| (c) | 'শেক্সপীয়রের নাটক পড়িতে পড়িতে একটা কথা মনে হয় যে, শেক্সপীয়র সমস্ত হৃদয়ে প্রকৃতিকে ভালবাসিলেও প্রকৃতির সহিত তাঁহার সামাজিকতা বড় নাই।' | (iii) | উৎপল দত্ত |
| (d) | যাঁহাদের বিদ্যাবুদ্ধির পার নাই, তাঁহারাই হঠাৎ বলিতে পারেন, শেক্সপীয়র ছ্যা কালিদাসের ছাঁইচ পর্যন্ত মাড়াইতে পারে না। | (iv) | বলেন্দ্রনাথ ঠাকুর |

**সংকেত :**

| | **(a)** | **(b)** | **(c)** | **(d)** |
|---|---|---|---|---|
| (1) | (iv) | (i) | (ii) | (iii) |
| (2) | (iii) | (iv) | (i) | (ii) |
| (3) | (ii) | (iii) | (iv) | (i) |
| (4) | (i) | (iv) | (iii) | (ii) |

80. **প্রথম তালিকায়** প্রদত্ত শ্রীকৃষ্ণকীর্তন কাব্যের খণ্ডনামের সঙ্গে **দ্বিতীয় তালিকায়** প্রদত্ত সংস্কৃত শ্লোকগুলির সামঞ্জস্য বিধান করে প্রদত্ত **সংকেত** থেকে **শুদ্ধ** উত্তরটি নির্দেশ করুন :

| | **প্রথম তালিকা** | | **দ্বিতীয় তালিকা** |
|---|---|---|---|
| (a) | জন্ম খণ্ড | (i) | জগাদ চতুরঃ কৃষ্ণ সতৃষ্ণো রাধিকামিদং |
| (b) | তাম্বুল খণ্ড | (ii) | কৃষ্ণস্য বচসা প্রাহ শীঘ্রং রাধামিদং বচঃ |
| (c) | দান খণ্ড | (iii) | তদেহি যামি মথুরাং মধুরাচারকোবিদে |
| (d) | নৌকা খণ্ড | (iv) | নিপীয় রাধাবচনং ততো বচন পণ্ডিতা |

**সংকেত :**

| | **(a)** | **(b)** | **(c)** | **(d)** |
|---|---|---|---|---|
| (1) | (ii) | (i) | (iii) | (iv) |
| (2) | (iii) | (iv) | (i) | (ii) |
| (3) | (iii) | (i) | (iv) | (ii) |
| (4) | (iv) | (iii) | (ii) | (i) |

81. ‘কালান্তর’ গ্রন্থের ‘সমস্যা’ প্রবন্ধের অনুসরণে প্রদত্ত মন্তব্যগুলির **শুদ্ধ-অশুদ্ধ** বিচার করে **সংকেত** থেকে **সঠিক** উত্তরটি নির্দেশ করুন :

(a) ভেদের দুঃখ থেকে, ভেদের অকল্যাণ থেকে মুক্তিই হল মুক্তি।

(b) মানুষ যেখানে সম্পূর্ণ একলা সেইখানে সে সম্পূর্ণ স্বাধীন।

(c) শূন্যতামূলক স্বাধীনতা মানুষকে বেশি আনন্দ দেয়।

(d) রাষ্ট্রবিপ্লব সম্বন্ধ ভেদের বিপ্লব।

**সংকেত :**

| | **(a)** | **(b)** | **(c)** | **(d)** |
|---|---|---|---|---|
| (1) | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ |
| (2) | অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
| (3) | শুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
| (4) | অশুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ | শুদ্ধ |

**82.** 'রাজা ও রানী'-র রূপান্তর 'তপতী'-তে যে চরিত্রটি বর্জিত হয়েছে সেটি হল :

(1) কুমার (2) ইলা (3) শংকর (4) নারায়ণী

**83.** 'কৌতুক সর্বস্বনাটকম্' প্রথম বাংলায় অনুবাদ করেন :

(1) রামচন্দ্র তর্কালঙ্কার (2) রামতারক ভট্টাচার্য

(3) কাশীনাথ তর্করত্ন (4) রামনারায়ণ তর্করত্ন

**84.** 'হানিয়া খাঁড়ার চোট ঘসে দিস লোন' – 'কাটা ঘায়ে নুনের ছিটে' প্রবাদটির এইভাবে কাব্য-রূপান্তর ঘটিয়েছেন :

(1) ঘনরাম চক্রবর্তী (2) ভারত চন্দ্র (3) রামপ্রসাদ (4) কমলাকান্ত

**85.** জাগরী উপন্যাস থেকে একটি **মন্তব্য** ও তার সমর্থনে **যুক্তি** দেওয়া হয়েছে। প্রদত্ত **সংকেত** থেকে **সঠিক** উত্তরটি চিহ্নিত করুন :

**মন্তব্য :** 1934 সালের ভূমিকম্পের পর পাটনা ক্যাম্প জেল থেকে উত্তর বিহারের সকল রাজবন্দীকে গভর্নমেন্ট ছেড়ে দিয়েছিল।

**যুক্তি :** কেননা ভূমিকম্পে জেলের প্রভূত ক্ষতি হয়েছিল।

**সংকেত :**

(1) **মন্তব্য** ও **যুক্তি** দুইই শুদ্ধ (2) **মন্তব্য** ও **যুক্তি** দুইই অশুদ্ধ

(3) **মন্তব্য** শুদ্ধ কিন্তু **যুক্তি** অশুদ্ধ (4) **মন্তব্য** অশুদ্ধ কিন্তু **যুক্তি** শুদ্ধ

**86.** ‘বঙ্গদেশের কৃষক’ প্রবন্ধে বঙ্কিমচন্দ্র শ্রমোপজীবীদের অবনতির যে কারণগুলি দেখিয়েছেন তা হল :

(1) দারিদ্র্য, শোষণ, অসুস্থতা

(2) দারিদ্র্য, মূর্খতা, দাসত্ব

(3) আলস্য, শোষণ, মূর্খতা

(4) দারিদ্র্য, আলস্য, অসততা

**87.** নীচের চারটি দৃষ্টান্তের মধ্যে যেটিতে পদযতি ও পর্বযতি লোপ পেয়েছে সেটি হল :

(1) মধ্যাহ্ন গগনে কভু কভু অস্ত নামে।

(2) নূতন তব জন্মলাগি কাতর যত প্রাণী,

(3) এ জীবন করিলি ধিক্‌কৃত! কলঙ্কিনী,

(4) ধিক্‌ এ নিশ্বাস মোর তোর কাছে ঋণী।

**88.** ‘নতুন ইহুদী’ নাটকে মনমোহন ভট্টাচার্য- র চাকরি চলে গিয়েছিল, কারণ :

(1) দেশভাগের ফলে স্কুলটি বন্ধ হয়ে গিয়েছিল।

(2) স্কুলে সংস্কৃত পড়ান বন্ধ হয়ে গিয়েছিল।

(3) মনমোহন ভট্টাচার্য-র শিক্ষাগত যোগ্যতা যথেষ্ট ছিল না।

(4) স্কুলে সংস্কৃত আর কমপাল্‌সরি ছিল না।

**89.** নীচে একটি **মন্তব্য** ও তার সমর্থনে **যুক্তি** দেওয়া হল। **সংকেত** থেকে **শুদ্ধ** উত্তরটি নির্বাচন করুন :

**মন্তব্য :** কাব্যতত্ত্ব এক অর্থে ট্রাজেডি তত্ত্ব।

**যুক্তি :** কারণ মহাকাব্যের সব অঙ্গ ট্রাজেডিতে না থাকলেও ট্রাজেডির সব অঙ্গ মহাকাব্যে পাওয়া যায়।

**সংকেত :**

(1) **মন্তব্য** ও **যুক্তি** দুইই শুদ্ধ
(2) **মন্তব্য** ও **যুক্তি** দুইই অশুদ্ধ
(3) **মন্তব্য** অশুদ্ধ কিন্তু **যুক্তি** শুদ্ধ
(4) **মন্তব্য** শুদ্ধ কিন্তু **যুক্তি** অশুদ্ধ

**90.** 'বীরবাহু কাব্য'-র আখ্যাপত্রে হেমচন্দ্র যে ইংরেজ কবির কবিতা থেকে উদ্ধৃতি দিয়েছেন, তিনি হলেন :

(1) মিলটন
(2) ওয়ার্ডস্ওয়ার্থ
(3) শেলি
(4) বায়রন

**91.** 'সোনালি সোনালি চিল – শিশির শিকার করে নিয়ে গেছে তারে'

– বনলতা সেন কাব্যগ্রন্থের যে – কবিতায় উপরিউক্ত লাইনটি আছে সেটি হল :

(1) হায় চিল
(2) আবহমান
(3) অঘ্রান প্রান্তরে
(4) কুড়ি বছর পরে

**92.** চৈতন্যচরিতামৃত’-এর মধ্যলীলার ষষ্ঠ পরিচ্ছেদ অনুসরণে চারটি ছত্রের **শুদ্ধাশুদ্ধ** বিচার করে **সংকেত** থেকে **সঠিক** উত্তরটি নির্বাচন করুন :

(a) মুক্তি শব্দ কহিতে মনে হয়ত উল্লাস।

(b) ভক্তি শব্দ কহিতে মনে হয় ঘৃণা ত্রাস।

(c) প্রভু কহে মুক্তিপদ ইহা পাঠ হয়।

(d) ভক্তিপদ কেন পড় কি তোমার আশয়।

**সংকেত :**

| | **(a)** | **(b)** | **(c)** | **(d)** |
|---|---|---|---|---|
| (1) | শুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | অশুদ্ধ |
| (2) | অশুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ | শুদ্ধ |
| (3) | অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
| (4) | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ |

**93.** শেক্সপীয়রের যে নাটকটি সত্যেন্দ্রনাথ ঠাকুর অনুবাদ করেন, সেটি হল :

(1) ‘জুলিয়াস সীজার’ (2) ‘সিম্বেলীন’

(3) ‘মার্চেন্ট অফ ভেনিস’ (4) ‘ম্যাকবেথ’

**94.** নীচে প্রদত্ত **মন্তব্য** ও তার সাপেক্ষে **যুক্তির** শুদ্ধতা বিচার করে **সংকেত** থেকে **সঠিক** উত্তরটি নির্বাচন করুন :

**মন্তব্য :** পয়ার মাত্রই দ্বিপদী কিন্তু দ্বিপদী মাত্রই পয়ার নয়।

**যুক্তি :** কেননা দ্বিপদীতে 8 + 6 -এর বেশি মাত্রাও পাওয়া যায়।

**সংকেত :**

(1) **মন্তব্য** ও **যুক্তি** দুইই শুদ্ধ (2) **মন্তব্য** ও **যুক্তি** দুইই অশুদ্ধ

(3) **মন্তব্য** শুদ্ধ কিন্তু **যুক্তি** অশুদ্ধ (4) **মন্তব্য** অশুদ্ধ কিন্তু **যুক্তি** শুদ্ধ

**95.** নীচে প্রদত্ত মন্তব্যগুলির মধ্য থেকে **শুদ্ধ-অশুদ্ধ** বিচার করে **সংকেত** থেকে **সঠিক** উত্তরটি চিহ্নিত করুন :

(a) উত্তরবঙ্গের অন্যতম লোকগীতি ‘খন’ বর্তমানে লুপ্তপ্রায় হওয়ার কারণ এর মূল বিষয় ছিল সমসাময়িক ঘটনার প্রতিবাদ।

(b) ‘জারিগানের’ অধিকাংশই কোরানের সূক্ত ও আরবি কাহিনি নিয়ে লেখা।

(c) উত্তরবঙ্গের তরাই ও ডুয়ার্স অঞ্চলের অন্যতম লোকগীতি হল ‘টেঙ্কির গান’।

(d) ‘আখড়াই গানে’র প্রাচীন উৎসস্থল নবদ্বীপ।

**সংকেত :**

| | (a) | (b) | (c) | (d) |
|---|---|---|---|---|
| (1) | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ |
| (2) | শুদ্ধ | শুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ |
| (3) | অশুদ্ধ | অশুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
| (4) | শুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | অশুদ্ধ |

**96.** ‘কালিদাসের শকুন্তলাও প্রথম হইতে শেষ পর্যন্ত কেবলই চিত্রাঙ্কিত।’ – সংস্কৃত সাহিত্য সমালোচনা প্রসঙ্গে বলেন্দ্রনাথ ঠাকুর যে – প্রবন্ধে একথা বলেছেন সেটি হল :

(1) মৃচ্ছকটিক
(2) কালিদাসের চিত্রাঙ্কনী প্রতিভা
(3) উত্তর চরিত
(4) জয়দেব

**97.** ‘রক্তকরবী’ নাটকের পাণ্ডুলিপিতে চিকিৎসক চরিত্রের প্রথম আবির্ভাব ঘটে :

(1) তৃতীয় খসড়ায়
(2) পঞ্চম খসড়ায়
(3) সপ্তম খসড়ায়
(4) নবম খসড়ায়

**98.** আই ধাঞ্চি কুজনি কি মোকে শুনাওসি
বেদ উকতি নহে পাঠ।
লাখ উপায়ে মিটাতে না পারিয়ে
যে বিধি লিখিছে ললাট।।

– উদ্ধৃত অংশের রচয়িতা হলেন :

(1) বিদ্যাপতি
(2) দৌলতকাজি
(3) গোবিন্দ দাস
(4) আলাওল

99. ‘লালনে বহবো দোষাস্তাড়নে বহবো গুণাঃ।

তস্মাৎ মিত্রঞ্চ পুত্রঞ্চ তাড়য়েৎ ন তুলালয়েৎ।।

– ‘রাজা ও রানী’ নাটকে শ্লোকটির বক্তা হলেন :

(1) জওহর (2) মন্‌সুখ (3) মন্‌নুরাম (4) হরিদীন

100. ‘আশাদীপ্ত কন্ঠে শুধু আজো নিনাদিত

বন্দেমাতরম্!’

– প্রেমেন্দ্র মিত্রের ‘সাগর থেকে ফেরা’ কাব্যের যে – কবিতাটি এইভাবে সমাপ্ত হয়েছে তার নাম হল :

(1) প্রবাদ (2) দেশ (3) জীবনের গান (4) ধ্বনি

- o 0 o -

**Space For Rough Work**